# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2013**

**FIRST YEAR**

Date : 14/12/2013 **Bengali (Honours)**

Time : 11am – 3pm Paper : I Full Marks : 100

১। যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ- (২ × ১০)

ক) কোন্ সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক প্রেক্ষাপটে চর্যাপদ লেখা হয়েছিল, তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্য কী কী? প্রাক্-আধুনিক বাংলা সাহিত্যের অনুবাদগুলিকে এই নিরিখে কতটা সার্থক অনুবাদ-সাহিত্য বলা যায়, সে বিষয়ে তোমার মতামত জানাও।

গ) চৈতন্যজীবনীরচনার প্রেক্ষিত কী ছিল? এই জীবনীগুলিকে কেউ কেউ Hagiography বলেছেন, তুমি কি এই মত সমর্থন করো?

ঘ) শৈব কাল্টের সঙ্গে সঙ্ঘাত করেই মনসা জয়ী হয়েছে — মনসা মঙ্গলের উদ্ভবের প্রেক্ষাপট ও মনসা মঙ্গলের কাহিনী বিশ্লেষণ করে আলোচনা করো।

২। টীকা লেখো (যে কোন **একটি**) ঃ- (১ × ৫)

শাহ্ মুহম্মদ সগীর, লুই পা

৩। ক) নীচের যেকোন **চারটি** বানান শুদ্ধ করে বলো এদের অশুদ্ধির কারণ কী? (৪ × ২)

ভৌগলীক, জীবণ, বর্স, ধরণ, হাঁসপাতাল, প্রতিদ্বন্দ্বীতা, স্মরনীয়।

খ) নীচের **যে কোন ২টি বাক্য** শুদ্ধ করো এবং বল এদের অশুদ্ধির কারণ কী? (২ × ৩)

১) আমরা গতকাল স্কুলে

২) তারা যখন খেলা দেখতে গেলেন।

৩) আমি তো তোমার সাথে যায় নি।

৪) রাতের যায় বেলা খেয়ে ওরা চলে বাড়ি।

গ) যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ- (১ × ১১)

১) স্বনিমের সংজ্ঞা দাও। স্বনিম বিশ্লেষণের পদ্ধতি উল্লেখ করে বিভাজ্য স্বনিমের ব্যাখ্যা দাও।

২) বাংলা প্রাথমিক মৌলিক স্বরধ্বনিগুলি নিয়ে আলোচনা করো।

৪। মাথুরের পদের বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করো। (১১)

**অথবা,**

অভিসারের পদে গোবিন্দদাসকে কেন 'রাজাধিরাজ' বলা হয়? (১১)

৫। 'তাতল সৈকতে বারিবিন্দু সম সুতমিত রমণী সমাজে' — কার লেখা কোন্ পর্যায়ের পদ? 'তাতল' শব্দের মানে কী? এই তুলনাটির অর্থ বুঝিয়ে দাও। (২ + ১ + ১)

**অথবা,**

'নীরদনয়নে নীর ঘন সিঞ্চনে পুলক মুকুল অবলম্ব' — কার লেখা কোন্ পর্যায়ের পদ? কার উদ্দেশ্যে এমন কথা বলা হল? কেনই বা বলা হল? (২ + ১ + ১)

৬। শাক্ত পদাবলীতে মা-মেনকা এবং কন্যা-উমা উভয়ের পারিবারিক জীবনের ছবিই প্রতিবিম্বিত হয়েছে। উপযুক্ত উদাহরণ সহ ব্যাখ্যা করো। (১১)

**অথবা,**

'ভক্তের আকুতি' পর্যায়ের পদে কোন্ কবিকে কেন সেরা বলা যায় তা আলোচনা করো। (১১)

৭। ‘এমন দিন কি হবে মা তারা, যবে তারা তারা তারা বলে তারা বেয়ে পড়বে ধারা।’ — কার লেখা কোন্ পর্যায়রে পদ? কবির এমন আকুতির কারণ কী? (২ + ২)

**অথবা,**

‘বলে বলবে লোকে মন্দ কারু কথা শুনব না’ — কে কখন কাকে একথা বলছে? (১ + ২ + ১)

৮। দলবৃত্ত রীতির বৈশিষ্ট্যগুলি নিয়ে আলোচনা করো। (১০)

**অথবা,**

সংক্ষেপে আলোচনা করো ঃ- দল, মাত্রা। (১০)

৯। যেকোন **দুটির** ছন্দলিপি প্রণয়ন করো। (২ × ৫)

ক) একটি কথার দ্বিধা থরথর চূড়ে
ভর করেছিল সাতটি আমরাবতী।
একটি নিমেষ দাঁড়ালো সরণী জুড়ে
থামিল কালের চিরচঞ্চল গতি।

খ) কন্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চিরহি ঝাঁপি
গাগড়ি বারি ঢারি করি পিছল
চলতহি অঙ্গুলি চাপি।।

গ) হায় ছায়াবৃতা,
কালো ঘোমটার নীচে
অপরিচিত ছিল তোমার মানবরূপ
উপেক্ষার আবিল দৃষ্টিতে।

ঘ) দেখছ না চারদিকে ঘনঘোর উত্তাপ
মানুষের চেহারায় দানবের ধুপধাপ
চটপট খেয়ে নাও হাতে আছে যার যা
নাহলে তো শুরু হবে মারণের তরজা।